



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

## জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন : ০২৫৮৮৮-৮৮৯৮১

ফ্যাক্স: ০২৫৮৮৮-৮৫১৩৪

তারিখ: ১০.০১.২০২৪

### প্রেস রিলিজ

#### পাবিপ্রবিতে বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে আজ বুধবার ১০ জানুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ঐতিহাসিক স্বদেশ প্রত্যাবর্তন দিবস পালন করা হচ্ছে। এ উপলক্ষে সকাল সাড়ে ১০টায় প্রশাসন ভবনের সামনে থেকে এক র্যালী বের করা হয়। র্যালী শেষে প্রশাসনের পক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. হাফিজা খাতুন, উপ-উপাচার্য অধ্যাপক ড. এস এম মোস্তফা কামাল খান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কে এম সালাহুন্নেজেল এবং রেজিস্ট্রার বিজন কুমার ব্রহ্ম বঙ্গবন্ধুর স্মারক ম্যুরাল ‘জনক জ্যোতির্ময়’-এ শনাঞ্জলি অর্পণ করেন।

আরও শনাঞ্জলি পালন করে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ, দপ্তর, হল প্রশাসন এবং বিভিন্ন সামাজিক ও সাংস্কৃতিক সংগঠন।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান পাকিস্তানের কারাগারে সাড়ে ৯ মাসেরও বেশি সময় বন্দী থাকার পর ১৯৭২ সালের এই দিনে স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশে ফিরে আসেন। এর পর থেকে দিনটি জাতির পিতার স্বদেশ প্রত্যাবর্তন দিবস হিসেবে পালিত হয়ে আসছে।

এ সময় উপস্থিত ছিলেন প্রষ্ঠর ড. মো. কামাল হোসেন, ছাত্র উপদেষ্টা ড. মো. নাজমুল হোসেন'সহ বিভিন্ন অনুষদের ডিন, হল প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

অনুষ্ঠান সঞ্চালনা করেন জনসংযোগ ও প্রকাশনা দপ্তরের অতিরিক্ত পরিচালক মো. ফারুক হোসেন চৌধুরী।  
মোনাজাতের মধ্য দিয়ে অনুষ্ঠান শেষ করা হয়।

বার্তা প্রেরক

(মো.বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।